

পাবলিক পরীক্ষায় প্রতিবন্ধী ব্যক্তির জন্য বিশেষ ব্যবস্থাপনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

শাখা-১১ (মাধ্যমিক-২)

www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭২.৮৩.০৩৬.১৪.৪৯৫

তারিখ : ১৪ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০১৫

পরিপত্র

বিষয়: প্রতিবন্ধী(অটিস্টিক, ডাউন সিন্ড্রোম, সেরিব্রালপল্সি) শিক্ষার্থীকে বিশেষ ব্যবস্থায় পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি।

বিশেষ চাহিদাসম্পন্ন (অটিস্টিক এবং ডাউন সিন্ড্রোম বা সেরিব্রালপল্সি আক্রান্ত) শিশুরা একটু অন্যমনক্ষ এবং খেয়ালী হয়ে থাকে। তাই তাদের পরীক্ষায় অংশগ্রহণে তার শিক্ষক/অভিভাবক/সাহায্যকারীর প্রয়োজন হয়।

০২। উপর্যুক্ত কারণে অটিস্টিক এবং ডাউন সিন্ড্রোম বা সেরিব্রালপল্সি আক্রান্ত শিশুদের পাবলিক পরীক্ষায় অংশগ্রহণে সুবিধার জন্য নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা যাবে:

- (ক) অন্যান্য শিক্ষার্থীদের তুলনায় ১০% (৩ ঘন্টার পরীক্ষার ক্ষেত্রে ৩০ মিনিট) অতিরিক্ত সময় প্রদান;
- (খ) শিক্ষক/অভিভাবক/সাহায্যকারীর বিশেষ ব্যবস্থাপনায় সহায়তায় পরীক্ষা প্রদানের সুযোগ দান।

০৩। শিক্ষার্থী যে কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে, সেই কেন্দ্র প্রধান/প্রধান শিক্ষক/অধ্যক্ষ/কেন্দ্র সচিব তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৪। শিক্ষার্থীর অভিভাবককে উল্লিখিত সুবিধা গ্রহণের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক, সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরাবর আবেদন করে পূর্বানুমতি নিতে হবে এবং আবেদনপত্রের সাথে সিভিল সার্জনের/বিশেষ অটিজম/ডাউন সিন্ড্রোম/সেরিব্রালপল্সি সনাক্তকরণ সনদ, পরীক্ষার্থী ও সাহায্যকারীর পাসপোর্ট সাইজের ০২ (দুই)কপি সত্যায়িত ছবি জমা দিতে হবে।

০৫। এ পরিপত্র ২০১৫ খ্রিস্টাব্দের সকল পাবলিক পরীক্ষা থেকে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

তারিখ: ২৯.৯.২০১৫

(মো. নজরুল ইসলাম খান)

সচিব